# জেলা পরিষদ

চাঁপাইনবাবগঞ্জ

www.zpchapainawabganj.gov.bd

সূত্রঃ ৪৬.৪৩.৭০০০.০০০.০০২.৩২.০০০২.২৬ - ১০০(৭৭)

তারিখঃ ১২ শ্রাবন ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**"তালিকাভুক্ত ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও নতুন ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তির বিজ্ঞপ্তি-২০২৬-২০২৭ অর্থবছর"**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থ বছরের চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের আওতায় বিভিন্ন ধরণের অবকাঠামো উন্নয়ন/ভবন নির্মান/রাস্তা /কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ/মেরামত ইত্যাদি প্রকল্পের কাজ/ কর্মসূচী ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়ন করা হয়ে থাকে। এই কাজগুলি বাস্তবায়নের জন্য দরপত্র প্রতিযোগীতায় দরপত্র দাতাদের অধিক অংশ গ্রহণের নিমিত্তে ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও আরো নতুন তালিকা ভুক্তি করা আবশ্যক, যা গত ২৮ ই সেপ্টেম্বর/২০২৫ তারিখের প্রকাশিত গেজেটে সংশোধিত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৬৮(৩) (ঘ) অনুযায়ী উপ-বিধিতে বর্ণিত তালিকাভুক্ত লাইসেন্স নবায়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের নির্ধারিত হিসাবে 'প্রধান নির্বাহী কর্মকর্তা' জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ বরাবর ব্যাংক এশিয়া হতে বিডি/পে-অর্ডার আকারে জমা এবং জাতীয় রাজস্ব বোর্ডের নিয়মানুযায়ী, সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকার অভ্যন্তরীন কার্যক্রমের ক্ষেত্রে বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঠিকাদার কর্তৃক অতীতে সম্পাদিত কার্যক্রমের অভিজ্ঞতাসহ অন্যান্য অভিজ্ঞতার আলোকে তালিকা সংরক্ষণের উল্লেখ রয়েছে। উন্নয়ন কর্মকান্ড নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে অত্র দপ্তরের আওতায় ঠিকাদার তালিকাভুক্তির জন্য আবেদন ফরম জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ এর প্রকৌশল শাখা হতে সংগ্রহ করে নিম্নোক্ত ছকে নির্ধারিত সময়ে জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ দপ্তরে দাখিলের জন্য আগ্রহী সকল আবেদনকারীকে অনুরোধ করা যাচ্ছে। একজন আবেদনকারী একাধিক আবেদন পত্র দাখিল করতে পারবেন না। একাধিক আবেদন পত্র দাখিল করা হলে তার সকল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। তালিকাভুক্তির নিয়মাবলী অফিস চলাকালিন সময়ে অফিস হতে জানা যাবে।

| | | | |
|---|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়/বিভাগ | : | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। |
| ০২. | সংস্থা | : | জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ। |
| ০৩. | ক্রয়কারীর নাম | : | সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ। |
| ০৪. | আবেদনকারীর যোগ্যতা | : | আবেদন ফরমে বিস্তারিত উল্লেখ আছে। |
| ০৫. | লাইসেন্স নবায়ন ফি ও জমার শেষ তারিখ | | |

বিডি/পে-অর্ডার লাইসেন্স নবায়ন ফি বাবদ অর্থ ও লাইসেন্স বহি জমার সময় সূচিঃ (২০২৬-২০২৭ অর্থবছর)

| ক্রমিক নং | নবায়ন ফি'র পরিমান (টাকা) | ১৫% ভ্যাট কোড নং- ১১১০ ২০৫ ১০২ ০৯৫ (ভ্যাট) | উৎসকর | জমা প্রদানের শেষ তারিখ | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ১০০০/-(এক হাজার) কোড নং- ১১১০ ২১৭ ১৩৯ ৭৫৪ (উৎসকর) | জরিমানা ব্যতিরেকে জমা প্রদানের শেষ তারিখ | ৫০% জরিমানা সহ জমা প্রদানের শেষ তারিখ | ১০০% জরিমানা সহ জমা প্রদানের শেষ তারিখ |
| ০১ | ২০০০/-( দুই হাজার) টাকা মাত্র। | ৩০০/- | | ১৫-০৯-২০২৬ খ্রিঃ | ৩০-০৯-২০২৬ খ্রিঃ | ৩১-১২-২০২৬ খ্রিঃ |

**বিডি/পে-অর্ডার লাইসেন্স নবায়ন ফি জরিমানা বাবদ অর্থ ও লাইসেন্স বহি জমার সময় সূচিঃ (বিগত প্রতিঅর্থবছর)**

| ক্রমিক নং | পূর্ববর্তী বছরের ফি জমার দেয়ার বিবরণ | | | | জমার শেষ সময়সীমা |
|---|---|---|---|---|---|
| | নবায়ন ফি | জরিমানা ফি | ১৫% ভ্যাট | উৎসকর | |
| ০১ | ২০০০/- | ৩০০০/- | ৭৫০/- | ১০০০/- | ৩১/১২/২০২৬ খ্রি: |

চলমান পাতা-০২

| | | | |
|---|---|---|---|
| ০৬. | আবেদন ফি ও তালিকাভুক্তির ফি জমার শেষ তারিখ | : | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ বরাবর ফরম বাবদ ১,০০০/-(এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে ১৬/৮/২০২৬ খ্রি. পর্যন্ত ক্রয় করা যাবে। প্রয়োজনীয় কাগজ পত্র সহ আবেদন পত্র তারিখঃ ১৭/০৮/২০২৬ খ্রি. মধ্যে দাখিল করতে হবে।<br>উল্লেখ্য আবেদনটি অনুমোদনের পরে তালিকা ভুক্তি ফি বাবদ= ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা বহি বাবদ ৫০০/- (পাঁচ শত) টাকা প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ এর হিসেবে ব্যাংক এশিয়া জমা এবং ১৫% ভ্যাট বাবদ=৭৫০/- (সাত শত পঞ্চাশ) টাকা (অফেরৎ যোগ্য) এবং উৎসকর বাবদ ১০০০/- (এক হাজার) টাকা সরকারী কোষাগারে জমা করতে হবে। |
| ০৭. | আবেদন পত্র দাখিল | : | আবেদন পত্র সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ কার্যালয়ে দাখিল করতে হবে। |
| ০৮. | আবেদন প্রাপ্তির স্থান | : | প্রকৌশলী শাখা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ। |

নির্ধারিত সময়ের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হবেনা।

২৭/৭/২৬

(মোঃ রবিউল ইসলাম)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
ফোন নং-০২৫৮৮৮৯৩০১০

অনুলিপিঃ সদয় (জ্ঞাতার্থে/কার্যার্থে জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) স্ব-স্ব নোটিশ বোর্ডে লটকানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ সহ প্রেরণ করা হলো।

০১. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০২. পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
০৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
০৫. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গনপূর্ত/সওজ/পাউবো/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
০৬. উপজেলা নির্বাহী কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল ও ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
০৭. বিজ্ঞাপন ম্যানেজার, " দৈনিক চাঁপাই চিত্র" পত্রিকায় বিজ্ঞপ্তিটি ২৯/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ভেতরের পাতায় ০৩(তিন) কলম X ০৩ ইঞ্চিমাপে একদিনের প্রকাশ করে ০৩ (তিন) কপি পত্রিকা এবং বিজ্ঞাপন বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
০৮. নোটিশবোর্ড, জেলাপরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
০৯. অফিস কপি।